ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭২৮

ধর্মনগর, ১২ নভেম্বর, ২০২৫

## আমরা আত্মনির্ভর, নেশামুক্ত ও স্বচ্ছ ভারত গড়ে তুলতে চাই : যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী

আমরা এমন ভারত গড়ে তুলতে চাই, যে ভারত হবে আত্মনির্ভর, নেশামুক্ত ও স্বচ্ছ। সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে উত্তর ত্রিপুরা জেলায় গৃহীত বিভিন্ন কর্মসূচির সমাপ্তি উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে একথা বলেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত পদযাত্রার সমাপণী অনুষ্ঠানে ধর্মনগরের বি.বি.আই. প্রাঙ্গণ থেকে পদযাত্রায় অংশগ্রহণ করেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায় ও অন্যান্য অতিথিগণ যা শেষ হয় কৃষ্ণপুরে। সেখানে আয়োজিত হয় মূল অনুষ্ঠান। সেখানে বক্তব্য রাখতে গিয়ে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় সর্দার বল্লভভাই প্যাটেলকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, স্বাধীনতার পর সর্দার বল্লভভাই প্যাটেল তার দূরদর্শিতা ও দৃঢ়তার মাধ্যমে দেশীয় রাজ্যগুলিকে একত্রিত করে ভারতের অখন্ডতা বজায় রেখেছিলেন। দেশে জাতীয় ঐক্য প্রতিষ্ঠায় তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন।

ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আরও বলেন, দেশের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারত গড়ে তোলার যে উদ্যোগ গ্রহণ করেছেন আমাদের সেই লক্ষ্যে পৌঁছতেই হবে। এজন্য আমাদের আত্মনির্ভর হতে হবে। দেশীয় দ্রব্য ব্যবহার করতে হবে। আমাদের সংকল্প করতে হবে যে, আমরা নেশা ব্যবহার করবো না। এর মধ্য দিয়েই আমাদের দেশকে শ্রেষ্ঠত্বের আসনে নিয়ে যেতে হবে। তিনি বলেন, আমাদের দেশ আত্মনির্ভরতার দিকে এগিয়ে যাচ্ছে। আগে যে সকল দ্রব্য বিদেশ থেকে আমদানি করা হতো, বর্তমানে সেগুলি আমাদের দেশেই উৎপন্ন করা হচ্ছে ও বিদেশে রপ্তানি করা হচ্ছে। এদিনের পদযাত্রায় ও অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল দেবনাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, জিলা পরিষদের সহকারী সভাধিপতি ভবতোষ দাস, সমাজসেবী কাজল কুমার দাস, জেলার অতিরিক্ত জেলাশাসক বিজয় সিনহা, অতিরিক্ত পুলিশ সুপার কমল দেববর্মা, জেলা বন আধিকারিক সুমন মল্ল, কদমতলা, কালাছড়া ও যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সনগণ, প্রাক্তন বিধায়ক মলিনা দেবনাথ, যুবরাজনগর ব্লকের বিডিও প্রসেনজিৎ মালাকার প্রমুখ।

*****